



প্রেস রিলিজ

৮ আগস্ট ২০২৩

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা একটি আদর্শের নাম - শেখ কবির

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব একটি অনুপ্রেরণার নাম। দুঃসময়ের কাণ্ডারী। রাজনীতি, সংসার সর্বক্ষেত্রেই মমতাময়ী, মহীয়সী এই নারীর অবদান অনেক উর্ধ্বে। বঙ্গমাতার চরিত্র ধারণ করে বাংলাদেশকে এগিয়ে নিতে নারী সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বোর্ড অব গভর্নরস এর সদস্য এবং এসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটিজ অব বাংলাদেশ এর চেয়ারম্যান শেখ কবির হোসেন। বঙ্গমাতার আদর্শকে লালন করেই বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়ন সম্ভব। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনুপস্থিতিতে তিনিই দলকে এগিয়ে নিয়েছেন। নেপথ্যে থেকে নেতাকর্মীদের দিক নির্দেশনা, নেতৃত্ব ও সাহস যুগিয়েছিলেন। এমন কী, ১৯৭১ সালের ৭ মার্চ ভাষণের দিন সকালে বঙ্গমাতার প্রেরণা, শক্তি ও মতামতকে সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন বঙ্গবন্ধু।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বাউবির বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের যৌথ উদ্যোগে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব- এর ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ৮ আগস্ট ২০২৩, মঙ্গলবার সকাল ১১.০০ টায় বাউবির গাজীপুরস্থ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ছয় দফা আন্দোলন ও মুক্তিযুদ্ধে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এর ভূমিকা” শীর্ষক আলোচনা সভা ও গানে কবিতায় শ্রদ্ধার আয়োজন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।



আলোচনা সভায় শুভেচ্ছা বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, স্বাধীন সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামে শুধু বঙ্গবন্ধুর সহধর্মিণী হিসেবে নয়, একজন নীরব সংগঠক হিসেবে বঙ্গমাতা নিজেকে বিলিয়ে দিয়েছিলেন বাঙালির মুক্তি সংগ্রামে। বঙ্গবন্ধু এবং বঙ্গমাতা একে অপরের পরিপূরক ছিলেন। জাগরণী ক্ষমতা আর সঞ্জীবনী শক্তি দিয়ে আন্দোলিত করেছিলেন কর্মীদের। আন্দোলনের মহা সমুদ্রে তিনি চৌকস নাবিকের ভূমিকা পালন করেছিলেন। আগামী প্রজন্মের মাঝে মহীয়সী বঙ্গমাতার জীবনী ও কর্মকাণ্ডের বার্তা পৌঁছে দিতে আজকের এ ক্ষুদ্র আয়োজন বলেও মন্তব্য করেন ড. হুমায়ুন আখতার।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। অধ্যাপক ড. কেএম রেজানুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় ধন্যবাদ জ্ঞাপন করেন বাউবির রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমান ও টুম্পা রানীর দে সঞ্চালনায় আলোচনা সভায় ফারিস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. রকীব আহাম্মেদ, ট্রেজারার ড. মঞ্জুর-ই-খোদা তরফদার, রেজিস্ট্রার ড. মশিউর রহমান, বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এছাড়া আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ ভার্চুয়ালী সংযুক্ত ছিলেন। এর আগে উপাচার্য মহোদয় প্রধান অতিথিকে সাথে নিয়ে বাউবির “স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্যে” পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। দ্বিতীয় পর্বে ‘বাউবি সাহিত্য ও সংস্কৃতি মালঞ্চ’ গানে-কবিতায় বিভিন্ন পরিবেশনার মাধ্যমে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের প্রতি শ্রদ্ধা নিবেদন করে। সাংস্কৃতিক অনুষ্ঠানে বাউবি ল্যাবরেটরি স্কুলের শতাধিক শিক্ষার্থী অংশ নেয়।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)